

**THE ORDNANCE FACTORIES BOARD (REPEAL)
ACT, 1989**

১৯৮৯ সনের ১৩ নং আইন

[২৮ ফেব্রুয়ারি, ১৯৮৯]

Ordnance Factories Board Ordinance, 1961 রহিতকরণকল্পে
প্রণীত আইন।

যেহেতু Ordnance Factories Board Ordinance, 1961 (XVII of
1961) এর রহিতকরণ সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

সংক্ষিপ্ত শিরোনামা ও
প্রবর্তন

১। (১) এই আইন The Ordnance Factories Board (Repeal) Act,
1989 নামে অভিহিত হইবে।

(২) ইহা ২১শে অগ্রহায়ণ, ১৩৯৫ মোতাবেক ৫ই ডিসেম্বর, ১৯৮৮ তারিখে
কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

Ord. XVII of
1961 এর রহিতকরণ

২। (১) The Ordnance Factories Board Ordinance, 1961 (XVII
of 1961), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা
হইল।

(২) উক্ত Ordinance রহিত হইবার সংগে সংগে-

(ক) উহার অধীনে গঠিত Ordnance Factories Board, অতঃপর উক্ত
বোর্ড বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে এবং উক্ত বোর্ড কর্তৃক পরিচালিত
সমরাস্ত্র কারখানা সরকারের নিয়ন্ত্রণে আসিবে;

(খ) উক্ত বোর্ডের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত
অর্থ এবং অন্য সকল প্রকার সম্পদ সরকারের উপর ন্যস্ত হইবে;

(গ) উক্ত বোর্ডের সকল দাবী, অধিকার, দায় ও দায়িত্ব সরকারের দাবী,
অধিকার, দায় ও দায়িত্ব হইবে;

(ঘ) উক্ত Ordinance এর অধীন উক্ত বোর্ড ও উহার কোন কর্মকর্তা কর্তৃক
কৃত কোন কাজকর্ম বা গৃহীত কোন ব্যবস্থা সরকার বা উহার কোন
কর্মকর্তা কর্তৃক কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(ঙ) উক্ত বোর্ড কর্তৃক বা উহার সহিত সম্পাদিত সকল চুক্তি সরকার কর্তৃক
বা সরকারের সহিত সম্পাদিত চুক্তি বলিয়া গণ্য হইবে;

- (চ) উক্ত বোর্ডের এবং তৎকর্তৃক নিযুক্ত সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরী সরকারের সরাসরি অধীনে আসিবে এবং তাঁহারা উক্ত Ordinance রহিত হইবার পূর্বে যে শর্তে চাকুরীতে নিয়োজিত ছিলেন, সরকার কর্তৃক পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই শর্তে সরকারের অধীন চাকুরীতে নিয়োজিত থাকিবেন।

৩। (১) The Ordnance Factories Board (Repeal) Ordinance, 1988 (XXXI of 1988) এতদ্বারা রহিত করা হইল।

রহিতকরণ ও
হেফাজত

(২) অনুরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত Ordinance এর অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই Act এর অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

Copyright @ Ministry of Law, Justice and Parliamentary Affairs, Bangladesh.